



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.moedu.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.১১.০০১.১৯-১৬৫

তারিখঃ ২২ আষাঢ় ১৪২৭
০৬ জুলাই ২০২০

বিষয়ঃ কারিগরি শিক্ষা অধিদপ্তরের পক্ষে/বিপক্ষে মহামান্য সুপ্রীমকোর্ট এবং হাইকোর্ট বিভাগে দায়েরকৃত গুরুত্বপূর্ণ মামলাসমূহ সরকার পক্ষে পরিচালনার নিমিত্ত বিজ্ঞ আইনজীবী/লিগ্যাল এ্যাডভাইজার নিয়োগের অনাপত্তি প্রদান।

সূত্রঃ (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-মপবি/মসশ/মসবৈ-২৭(৮)/২০০৪/৬০২(৩)/১(৫৮) তারিখঃ ১৯.০৯.২০০৪ খ্রি।।
(২) কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.আইনজীবী.১৯-১২৬৮ তারিখঃ ১৩.০২.২০১৯ খ্রি।।
(৩) আইন ও বিচার বিভাগের স্মারক নং-১৪/সলি./জিপি-পিপি-আইন উপদেষ্টা/২০১০-১০০ তারিখঃ ১৭.০৯.২০১৯ খ্রি।।
(৪) অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১৭২.৩৬.০০২.১৩.-৪৬ তারিখঃ ০১.০৩.২০২০ খ্রি।।

উপর্যুক্ত বিষয় ও সূত্র (২) মূলের মাধ্যমে জানানো হয় যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরে বর্তমানে মহামান্য হাইকোর্ট বিভাগ, প্রশাসনিক ট্রাইব্যুনাল (এ.টি)/প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালে (এ.এ.টি) মোট ৪১২ (চারশত বার) টি মামলা চলমান রয়েছে। এর মধ্যে ২৬টি মামলা আদালত অবমাননা সংক্রান্ত। এ মামলাগুলোতে কারিগরি শিক্ষা অধিদপ্তর সরাসরি প্রতিপক্ষ এবং প্রতিদিন আরও নতুন নতুন মামলা রুজু হচ্ছে। এ ছাড়াও জেলা পর্যায়ে বিভিন্ন আদালতে ৮৭টি মামলা চলমান রয়েছে।

০২। সরকারের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়সমূহ সংরক্ষণের লক্ষ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিরুদ্ধে দায়েরকৃত মামলাসমূহ পরিচালনার জন্য অস্থায়ী ভিত্তিতে ০৩ (তিন) জন বেসরকারি বিজ্ঞ আইনজীবী নিয়োগের বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রী কর্তৃক নীতিগতভাবে অনুমোদন দেয়া হয়েছে এবং সূত্র (১) মূলে আইন ও বিচার বিভাগের অনাপত্তি গ্রহণের লক্ষ্যে পত্র প্রেরিত হলে সূত্র (৩) মূলে আইন ও বিচার বিভাগ কর্তৃক বেসরকারি আইনজীবীর পারিশ্রমিক সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নিজস্ব বাজেটের আইন সংক্রান্ত ব্যয় কোডে নিয়মিতভাবে বাজেট বরাদ্দ খাত হতে ব্যয় নির্বাহের শর্তে রাষ্ট্রপক্ষের আইন কর্মকর্তার পাশাপাশি ০৩ (তিন) জন বেসরকারি আইনজীবী নিয়োগের বিষয়ে অনাপত্তি জ্ঞাপন করা হয় (কপি সংযুক্ত)।

০৩। অতঃপর আইন ও বিচার বিভাগের পত্রের শর্তানুযায়ী অনাপত্তি জ্ঞাপনের জন্য অর্থ বিভাগে প্রেরণ করা হলে অর্থ বিভাগ কর্তৃক সূত্র (৪) মূলে কারিগরি শিক্ষা অধিদপ্তরের মামলাসমূহ পরিচালনার জন্য ০৩ (তিন) জন বেসরকারি আইনজীবী নিয়োগের বিষয়ে নিয়োক্ত শর্তে অর্থ বিভাগের অনাপত্তি জ্ঞাপন করা হয় (কপি সংযুক্ত):

- ক. বেসরকারি আইনজীবী নিয়োগে সংশ্লিষ্ট বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- খ. Public Procurement Rules -2008 এর বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- গ. প্রাপ্যতা নিশ্চিত হয়ে আইনজীবীর ফি/সম্মানী/পারিশ্রমিক প্রদান করতে হবে; এবং
- ঘ. অতিরিক্ত বরাদ্দ দাবী করা যাবে না।

০৪। এমতাবস্থায়, উপরিউক্ত অর্থ বিভাগ কর্তৃক প্রদত্ত শর্তানুযায়ী কারিগরি শিক্ষা অধিদপ্তরের মামলাসমূহ পরিচালনার জন্য ০৩ (তিন) জন বেসরকারি আইনজীবী নিয়োগের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তি: ক. আইন ও বিচার বিভাগের সম্মতি পত্র- ০১ (এক) পাতা।

খ. অর্থ বিভাগের অনাপত্তি পত্র- ০১ (এক) পাতা।

০৬, ০৭, ২০
(নূরজাহান বেগম)

সিনিয়র সহকারী সচিব (আইন)

ফোন: ৯৫৭৫২৭২

মহাপরিচালক

কারিগরি শিক্ষা অধিদপ্তর

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

অনুলিপিঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। অফিস কপি/মাস্টার কপি।